নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২৫৬ ০৩ সেপ্টেম্বর ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবিতে 'এক্সেলারেটিং ইমপ্যাক্ট সাকসেস স্টোরিস ফ্রম দ্যা হিট ইনিশিয়েটিভ' শীর্ষক প্রশিক্ষণ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষকদের হিট প্রজেক্টে সাফল্যের ধারাবাহিকতা বজায় রাখতে 'এক্সেলারেটিং ইমপ্যাক্ট সাকসেস স্টোরিস ফ্রম দ্যা হিট ইনেশিয়েটিভ' শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (০৩ সেপ্টেম্বর ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে অনুষ্ঠিত প্রশিক্ষণে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, আমাদের যে সকল শিক্ষক হিট প্রজেক্টে অংশগ্রহণ করে গবেষণা অনুদান পেয়েছেন তাদের অভিনন্দন। বিভিন্ন প্রজেক্টের সাকসেস স্টোরি নিয়ে আমরা আরও ট্রেনিংয়ের ব্যবস্থা করবো, যেন আগামীতে আমরা আরও ফান্ড নিয়ে আসতে পারি। একই সঙ্গে রিসার্চ সেলকে অনুরোধ করবো সঠিকভাবে প্রজেক্টগুলো জমা দেওয়ার ক্ষেত্রে সহযোগিতার জন্য।

উপাচার্য আরও বলেন, গবেষণার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় আপনাদের পূর্ণ স্বাধীনতা দিয়েছে, সেটাকে কাজে লাগান। টেকনোলজি ট্রান্সফারসহ পেটেন্টেবল যে সব ফিল্ডে কাজ করলে প্রজেক্ট পাওয়ার সুযোগ রয়েছে সেই সব ক্ষেত্রে আপনারা কাজ করুন। এ ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় আপনাদের যে কোনো সহযোগিতা প্রদান করবে।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে প্রশিক্ষণে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ। প্রশিক্ষণে রিসোর্স পার্সন ছিলেন নোবিপ্রবি রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, ফার্মেসি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আ ফ ম শহিদ-উদ-দৌলা, ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স বিভাগের অধ্যাপক ড. রাকেব-উল-ইসলাম, আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. আবদুল কাইয়ুম মাসুদ ও অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক জনাব মো. সাদ্দাম হোসেন। প্রোগ্রাম মডারেটর ছিলেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক (ইটিএল) জি এম রাকিবুল ইসলাম। প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ইনস্টিটিউট ও বিভাগের শিক্ষকবৃন্দ অংশ নেয়।

প্রশিক্ষণ অনুষ্ঠানে হিট প্রজেক্ট প্রাপ্ত শিক্ষকবৃন্দ নিজেদের সাফল্যের গল্প তুলে ধরেন। পাশাপাশি নোবিপ্রবি শিক্ষকবৃন্দ আসন্ন প্রজেক্টে কিভাবে সাফল্যের ধারা অব্যাহত রাখবেন তার দিক নির্দেশনা ও মূল্যবান মতামত তুলে ধরেন।

প্রসঙ্গত, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) হিট প্রজেক্টে অংশগ্রহণ করে নোবিপ্রবির ৬ জন শিক্ষক প্রায় ২০ কোটি টাকা অনুদান পেয়েছেন এবং উক্ত প্রজেক্টে নোবিপ্রবি বর্তমানে সেরা ১০ এর মধ্যে অবস্থান করছে।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪